তারিখ ... 08 JUN 1991 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 4

দৈনিক ইত্তেফাক

দৈনিক ইত্তেফাক

242

# শিবিরের তিনদিনব্যাপী কর্মসূচী

(চট্টগ্রাম অফিস)

গতকাল (শুক্রবার) স্যার এ এফ রহমান হলে ইসলামী ছাত্র শিবির চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখার

(শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## শিবিরের তিনদিনব্যাপী

(১ম পৃঃ পর)

এক জরুরী সভায় ২২শে ডিসেম্বরের সন্ত্রাসী ঘটনা ও ফারুক হত্যার ঘটনার জন্য বর্তমান ভিসিকে দায়ী করা হইয়াছে। ইহার জন্য ভিসি'র বিরুদ্ধে কোন ব্যবস্থা গ্রহণ না করায় সরকারের নিন্দা জানানো হয়। বিশ্ববিদ্যালয় ঘটনার জের হিসাবে আইনজীবী শোয়েব আহমদের হত্যার জন্য মেয়াদ উত্তীর্ণ চাকসু কমিটিকে দায়ী করা হয় এবং এ ব্যাপারে সংশ্লিষ্টদের অবিলম্বে গ্রেফতারের জন্য প্রশাসনের নিকট দাবী জানানো হয়। ছাত্র শিবিরের সভায় আজ হইতে ৩ দিন প্রশাসনিক যোগাযোগ ও গণসংযোগের কর্মসূচী নেওয়া হইয়াছে বলিয়া বিজ্ঞপ্তিতে জানানো হয়।

### তিনদিনের ধর্মঘট কর্মসূচী

এদিকে শিবির সমর্থিত সংগ্রামী ছাত্র ঐক্য গতকাল বিশ্ববিদ্যালয়ের ১ নং গেটে এক ছাত্র সমাবেশে অগণতান্ত্রিক ও সন্ত্রাসবাদী তৎপরতার নিন্দা জানাইয়া অবিলম্বে তদন্ত কমিশনের রিপোর্ট বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট মহলের প্রতি আহ্বান জানায়। বক্তাগণ কমিশনের রিপোর্ট বাস্তবায়নের দাবীতে ৮, ৯ ও ১০ই জুন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে ধর্মঘটের কর্মসূচী ঘোষণা করে। সভায় একেএম ইউসুফ, শহীদুল ইসলাম, হাসান রাশেদ প্রমুখ বক্তব্য রাখেন। সম্মিলিত ছাত্র ঐক্য পরিষদও গতকাল সোহরাওয়ার্দী হল মোড়ে এক সমাবেশে তিনদিনের কর্মসূচী ঘোষণা করে।